# সমঝোতা স্মারক

## বাংলাদেশ সেনাবাহিনী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিষয়ঃ বাংলাদেশ সেনাবাহিনীর রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য
এইচএসসি শিক্ষা কার্যক্রম পরিচালনা

## বাংলাদেশ সেনাবাহিনীর রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য এইচএসসি শিক্ষা কার্যক্রম পরিচালনা বিষয়ে বাংলাদেশ সেনাবাহিনী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যকার সমঝোতা স্মারক

### ভূমিকা

যুগোপযোগী এবং আধুনিক সেনাবাহিনী গড়ার লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনীর মানব সম্পদ উন্নয়নে রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের প্রচলিত প্রশিক্ষণ পদ্ধতিতে আমূল পরিবর্তন আনা হয়েছে। নতুন প্রবর্তিত এই প্রশিক্ষণ পদ্ধতি জানুয়ারি ২০১৪ সাল হতে কার্যকর হবে। নতুন প্রশিক্ষণ পদ্ধতিতে রিক্রুটগণ ০৬ মাসের পরিবর্তে ০২ বৎসর মেয়াদী প্রশিক্ষণ গ্রহণ করবে এবং উক্ত প্রশিক্ষণ কালীন সামরিক প্রশিক্ষণের পাশাপাশি বাধ্যতামূলক এইচএসসি শিক্ষা গ্রহণ করবে। বাংলাদেশে শিক্ষাকে অধিকতর গণমুখি ও জীবন-নিষ্ঠ করে দেশের প্রত্যন্ত অঞ্চলে পৌছে দেয়ার ক্ষেত্রে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি'র) অবদান সর্বজন স্বীকৃত। একটি সুশিক্ষিত ও আত্মনির্ভরশীল জাতি গড়ে তুলতে বাউবি'র এ প্রশংসনীয় প্রয়াসের সুযোগ নিয়ে সেনাবাহিনীর সদস্যদের শিক্ষা কার্যক্রম বাউবি'র অধীনেই পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যাতে তাদের এক সেনানিবাস থেকে অন্য সেনানিবাসে বদলি হলেও পড়ালেখার ধারাবাহিকতা বজায় থাকে। এরই আলোকে বাংলাদেশ সেনাবাহিনী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পারস্পরিক অংশীদারিত্বের ভিত্তিতে প্রয়োজনীয় শর্ত সাপেক্ষে সেনাবাহিনীর রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য নতুন প্রবর্তিত এইচএসসি শিক্ষা কার্যক্রম জানুয়ারি ২০১৪ সাল হতে পরিচালনা ও বাস্তবায়ন করার ব্যাপারে সম্মত হয়েছে।

### সমঝোতা স্মারকের পক্ষসমূহ

এই সমঝোতা স্মারক বাংলাদেশ সেনাবাহিনীর রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য এইচএসসি শিক্ষা কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বাংলাদেশ সেনাবাহিনী এবং বাউবি'র মধ্যকার সমঝোতা স্মারক (MOU)। এতে বাংলাদেশ সেনাবাহিনী ১ম পক্ষ এবং বাউবি ২য় পক্ষ হিসেবে বিবেচিত হবে।

### স্মারকের শর্তসমূহ (Terms of Memorandum)

১। বাংলাদেশ সেনাবাহিনীর সকল রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য বাউবি'র এইচএসসি প্রোগ্রামের আওতায় এইচএসসি শিক্ষা কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নে উভয় পক্ষ পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে একসাথে কাজ করবে।

২। সেনাবাহিনীতে এইচএসসি শিক্ষা কার্যক্রম পরিচালনায় বাউবি বাংলাদেশ সেনাবাহিনীকে নিয়মিত সার্বিক সহযোগিতা প্রদান করবে।

৩। বাংলাদেশ সেনাবাহিনী নিয়মিত যোগাযোগ রক্ষা, অবকাঠামোগত সুবিধা প্রদান এবং নিয়মনীতি পরিপালনের মাধ্যমে সেনাবাহিনীর জন্য এইচএসসি শিক্ষা কার্যক্রম পরিচালনায় বাউবিকে সার্বিক সহযোগিতা করবে।

৪। **শিক্ষার্থী**। বাংলাদেশ সেনাবাহিনীতে সৈনিক পদে ভর্তিকৃত সকল রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিক বাউবি'র শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে এবং বাউবি'র অধীনে এই এইচএসসি শিক্ষা গ্রহণ করবে।

৫। **শিক্ষার শাখা, বিষয়সমূহ কারিকুলাম এবং সিলেবাস**।

ক। জাতীয় শিক্ষানীতি ২০১০ এর আলোকে প্রণীত এনসিটিবি'র নতুন কারিকুলাম অনুসরণে এইচএসসি প্রোগ্রামের আওতায় প্রাথমিকভাবে বিজ্ঞান এবং মানবিক শাখায় শিক্ষার্থীরা অধ্যয়ন করবে। ভবিষ্যতে প্রয়োজন হলে অন্যান্য শাখায়ও অধ্যয়ন করার সুযোগ থাকবে।

খ। সেনাবাহিনীর জন্য অত্যাবশ্যকীয় সমরবিদ্যা বিষয়টি বাউবি'র শিক্ষা কার্যক্রমে নৈর্বাচনিক বিষয় হিসাবে অন্তর্ভুক্ত হবে। এ বিষয়ের সিলেবাস ও পাঠ্যবই সেনাবাহিনী কর্তৃক প্রণীত এবং বাউবি কর্তৃক অনুমোদিত হবে। সমরবিদ্যা বিষয়ের পাঠ্যবই বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক মুদ্রণ ও সরবরাহ করা হবে।

গ। শিক্ষার্থীরা এইচএসসি বিজ্ঞান এবং মানবিক উভয় শাখায় প্রথম বছরে সেনাবাহিনীর জন্য অত্যাবশ্যকীয় সমরবিদ্যা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত কোর্সসমূহ হতে নির্বাচিত মোট ৭টি কোর্সে শিক্ষালাভ করবে।

ঘ। দ্বিতীয় বছরে এইচএসসি বিজ্ঞান ও মানবিক শাখায় প্রথম বছরে অধ্যয়নকৃত ৬টি বিষয়ের (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত) ২য় পত্রে অধ্যয়ন করবে।

ঙ। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) প্রণীত নতুন কারিকুলাম ২০১৩/২০১৪ অনুযায়ী বাউবি কর্তৃক কোর্স সামগ্রী প্রণয়নের পূর্ব পর্যন্ত জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত/অনুমোদিত বই, যা বাউবি কর্তৃক নির্বাচিত (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং সমরবিদ্যা ব্যতীত) তা বাংলাদেশ সেনাবাহিনীর নিজস্ব ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের সরবরাহ করা হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক কোর্স সামগ্রী প্রণয়নের পর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং সমরবিদ্যা ব্যতীত সকল বই বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষার্থীদের সরবরাহ করা হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক উল্লিখিত বিষয়সমূহের কোর্স সামগ্রী প্রণয়নের পূর্ব পর্যন্ত সেনাবাহিনীর শিক্ষার্থীদের জন্য স্ব-শিখন শিক্ষা সহায়ক পাঠ নির্দেশিকা (সফট কপি) বাউবি কর্তৃক বাংলাদেশ সেনাবাহিনীকে সরবরাহ করা হবে।

৬। **<u>শিক্ষার ভেন্যু/স্টাডি সেন্টার</u>**।

ক। প্রথম পর্যায়ে ২০১৪ সালের শুরুতেই অগ্রাধিকার ভিত্তিতে বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ১০টি রিক্রুট প্রশিক্ষণ কেন্দ্রে এক বা একাধিক স্টাডি সেন্টার চালু হবেঃ

(১) আর্মার্ড কোর সেন্টার এন্ড স্কুল (ACC&S), বগুড়া সেনানিবাস।
(২) আর্টিলারি সেন্টার এন্ড স্কুল (AC&S), হালিশহর, চট্টগ্রাম।
(৩) ইঞ্জিনিয়ার সেন্টার এন্ড স্কুল অব মিলিটারি ইঞ্জিনিয়ারিং (ECSME), কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।
(৪) সিগন্যাল ট্রেনিং সেন্টার এন্ড স্কুল (STC&S), যশোর সেনানিবাস।
(৫) ইষ্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টার (EBRC), চট্টগ্রাম সেনানিবাস।
(৬) বাংলাদেশ ইনফ্যান্ট্রি রেজিমেন্টাল সেন্টার (BIRC), রাজশাহী সেনানিবাস।
(৭) আর্মি সার্ভিস কোর সেন্টার এন্ড স্কুল (ASCC&S), জাহানাবাদ সেনানিবাস, খুলনা।
(৮) আর্মি মেডিক্যাল কোর সেন্টার এন্ড স্কুল (AMCC&S), শহীদ সালাহ্উদ্দিন সেনানিবাস, ঘাটাইল।
(৯) অর্ডন্যান্স সেন্টার এন্ড স্কুল (OC&S), রাজেন্দ্রপুর সেনানিবাস।
(১০) ইলেক্ট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং সেন্টার এন্ড স্কুল (EMEC&S), সৈয়দপুর সেনানিবাস।

খ। দ্বিতীয় পর্যায়ে ২০১৪ সালের মধ্যে নিম্নলিখিত সেনানিবাসসমূহের স্টেশন সেন্ট্রাল স্কুলে ১৫টি স্টাডি সেন্টার খোলা হবে, যেগুলোতে ২০১৫ সালের জানুয়ারি হতে ২য় বর্ষের শিক্ষা কার্যক্রম চালু হবে ঃ

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | ঢাকা | (২) | রাজেন্দ্রপুর | (৩) | সাভার | (৪) | চট্টগ্রাম |
| (৫) | কুমিল্লা | (৬) | সিলেট | (৭) | যশোর | (৮) | রংপুর |
| (৯) | সৈয়দপুর | (১০) | খোলাহাটি | (১১) | ঘাটাইল | (১২) | ময়মনসিংহ |
| (১৩) | বিজেএমবি | (১৪) | মাঝিরা বগুড়া | (১৫) | জাহাঙ্গীরাবাদ, বগুড়া | | |

উল্লেখ্য, ভবিষ্যতে অনুচ্ছেদ ৬ এ বর্ণিত স্টাডি সেন্টারের অতিরিক্ত আরও স্টাডি সেন্টার খোলার প্রয়োজনীয়তা দেখা দিলে দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে তা সম্পন্ন হবে।

গ। অনুচ্ছেদ ৬(ক) এ উল্লিখিত স্টাডি সেন্টারসমূহে ২০১৪ সাল থেকে এবং অনুচ্ছেদ ৬(খ) এ উল্লিখিত স্টাডি সেন্টারসমূহে ২০১৫ সাল থেকে কার্য দিবসসমূহে এইচএসসি শিক্ষা কার্যক্রম চলবে।

৭। **ভর্তি ও রেজিস্ট্রেশন কার্যক্রম।**

ক। রিক্রুটরা ষান্মাসিক ভিত্তিতে (জানুয়ারি এবং জুলাই) প্রশিক্ষণে যোগদান করে বিধায় সেনাবাহিনীর জন্য বছরে দুইবার (জানুয়ারি এবং জুলাই) ভর্তি কার্যক্রম পরিচালনা করা হবে।

খ। **প্রথম বর্ষের ভর্তি ও রেজিস্ট্রেশন**। অনুচ্ছেদ ৬ এর ক'তে উল্লিখিত ১০ টি রিক্রুট প্রশিক্ষণ সেন্টারের মাধ্যমে সেনাবাহিনীর রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের প্রথম বর্ষের ভর্তি ফরম সংগ্রহ ও জমাদান এবং রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হবে। প্রয়োজনে স্টাডি সেন্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বাউবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের সাথে প্রয়োজনীয় সমন্বয় করে কার্যক্রম সম্পন্ন করবেন। রেজিস্ট্রেশনের মেয়াদ ৫ (পাঁচ) বছর কার্যকর থাকবে।

গ। **দ্বিতীয় বর্ষের ভর্তি ও রেজিস্ট্রেশন**। দ্বিতীয় বর্ষের ভর্তির কার্যক্রম অনুচ্ছেদ ৬ এর ক'তে উল্লিখিত ১০টি প্রশিক্ষণ সেন্টারের মাধ্যমেই সম্পন্ন হবে।

৮। **ভর্তির যোগ্যতা ও প্রয়োজনীয় দলিল/প্রমাণপত্র**। বাংলাদেশ সেনাবাহিনীতে যোগদানকারী রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকবৃন্দ বাউবি কর্তৃক নির্ধারিত শর্তাবলী অনুযায়ী এইচএসসি প্রোগ্রামে ভর্তির জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন। ভর্তির জন্য প্রয়োজনীয় এসএসসি বা সমমানের সনদ ও মার্কসীটের সত্যায়িত ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ছবিসহ আনুষঙ্গিক কাগজপত্র জমাদানপূর্বক উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নিয়ম অনুযায়ী ভর্তির কার্যক্রম সম্পন্ন করা হবে।

৯। **শিক্ষাদান পদ্ধতি/টিউটরবৃন্দ**।

ক। শিক্ষার্থীদের অত্যাবশ্যকীয় মৌলিক সামরিক প্রশিক্ষণ এবং এইচএসসি শিক্ষা কার্যক্রম যুগপৎভাবে সুপরিকল্পিত কর্মসূচি এবং যথাযথ সমন্বয়ের মাধ্যমে পরিচালিত হবে।

খ। সমরবিদ্যা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত বাউবি'র এইচএসসি প্রোগ্রামের আওতাধীন অন্যান্য বিষয় বাউবি কর্তৃক অনুমোদিত টিউটরদের মাধ্যমে সমঝোতা স্মারক ও প্রচলিত নিয়মে বাংলাদেশ সেনাবাহিনীর জন্য নির্ধারিত স্টাডি সেন্টারে টিউটোরিয়াল ক্লাস পরিচালনা করা হবে। যেসব বিষয়ে ব্যবহারিক ক্লাস রয়েছে সে-সকল বিষয়ে প্রচলিত নিয়মে ব্যবহারিক ক্লাস পরিচালনা করা হবে। সমরবিদ্যা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ৩টি কোর্স বাংলাদেশ সেনাবাহিনীর নিজস্ব ব্যবস্থাপনায় যথাক্রমে দক্ষ সামরিক এবং সামরিক/বেসামরিক প্রশিক্ষক/টিউটর দ্বারা টিউটোরিয়াল ক্লাস পরিচালনা করা হবে।

গ। **টিউটর নিয়োগ**।

(১) সেনাশিক্ষা কোরের অফিসারসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স/মাস্টার্স সম্পন্নকারী অন্যান্য অফিসার/জেসিও নিয়োগ প্রদান করা হবে।

(২) নির্ধারিত স্টাডি সেন্টারের নিকটবর্তী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ক্যান্টনমেন্ট বোর্ড কলেজসহ নিকটবর্তী অন্যান্য অসামরিক সমমানের শিক্ষা প্রতিষ্ঠান থেকে টিউটর নিয়োগ করা হবে।

(৩) এছাড়াও প্রয়োজনে কলেজ পর্যায়ের NTRCA কর্তৃক নিবন্ধিত ব্যক্তিকেও শিক্ষক/টিউটর হিসেবে নিয়োগ প্রদান করা হবে।

ঘ। **সেকশন গঠন**। সেনাবাহিনীর জন্য স্বতন্ত্র সেকশন গঠনের নিয়মাবলী অনুসরণ করা হবে।

১০। **প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন।**

ক। সেনাবাহিনীর রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য পরিচালিত এইচএসসি পরীক্ষা কমিটির গঠন ও কার্যক্রম এইচএসসি নিশ-১ (Niche-1) রেগুলেশন দ্বারা নিয়ন্ত্রিত হবে।

খ। ১০ ক অনুসারে প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন কার্যক্রম সম্পন্ন করা হবে।

গ। সমরবিদ্যা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে পরীক্ষা কমিটির সভাপতির সভাপতিত্বে সেনাবাহিনীর প্রস্তাব অনুযায়ী দুটি পৃথক পরীক্ষা সাব-কমিটি গঠন করা হবে, যার মাধ্যমে উক্ত বিষয় দুটির প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন সম্পন্ন করা হবে।

১১। **প্রশ্নপত্র মুদ্রণ ও বিতরণ।**

ক। নির্দিষ্ট সময়সীমার মধ্যে সেনাবাহিনীর প্রশিক্ষণার্থীদের পরীক্ষা কার্যক্রম সম্পন্নের জন্য বাউবি এবং সেনাসদর শিক্ষা পরিদপ্তরের পারস্পরিক সমন্বয়ে বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় বিজি প্রেসে অথবা আর্মি প্রিন্টিং প্রেসের মাধ্যমে পরীক্ষার প্রশ্নপত্র মুদ্রণ করা হবে।

খ। সেনাসদর, শিক্ষা পরিদপ্তরের সার্বিক ব্যবস্থাপনায় মুদ্রণকৃত প্রশ্নপত্র সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হবে। পরীক্ষার প্রশ্নপত্র সংরক্ষণ ও বিতরণের ক্ষেত্রে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক সর্বোচ্চ গোপনীয়তা নিশ্চিত করা হবে।

১২। **পরীক্ষা পরিচালনা।**

ক। **পরীক্ষা রেগুলেশন।** সেনাসদস্যবৃন্দের জন্য প্রণীত পৃথক পরীক্ষা পরিচালনা রেগুলেশন দ্বারা পরীক্ষা কার্যক্রম নিয়ন্ত্রিত হবে।

খ। **পরীক্ষা গ্রহণ।** প্রতিটি পরীক্ষা কেন্দ্রের জন্য একটি করে পরীক্ষা কেন্দ্র কমিটি থাকবে, যার গঠন ও কার্যাবলী রেগুলেশন দ্বারা নিয়ন্ত্রিত হবে।

গ। **পরীক্ষা গ্রহণের সময়।** বাংলাদেশ সেনাবাহিনীর জানুয়ারিতে ভর্তিকৃত রিক্রুটদের ১ম বর্ষের পরীক্ষা ঐ বছর নভেম্বর-ডিসেম্বর-এর মধ্যে এবং জুলাই-এ ভর্তিকৃত রিক্রুটদের ১ম বর্ষের পরীক্ষা পরবর্তী বছর মে-জুন এর মধ্যে সম্পন্ন হবে। একইভাবে ২য় বর্ষের পরীক্ষা যথাক্রমে পরবর্তী নভেম্বর-ডিসেম্বর এবং মে-জুন মাসে অনুষ্ঠিত হবে।

ঘ। **পরীক্ষার সময়সীমা।** শুক্র ও শনিবারসহ সপ্তাহের যেকোনো দিন বাংলাদেশ সেনাবাহিনী এবং বাউবি কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।

ঙ। **পরীক্ষা কেন্দ্র।** বাংলাদেশ সেনাবাহিনীর রিক্রুটরা ১ম বর্ষের ভর্তিকৃত স্টাডি সেন্টারে এবং ২য় বর্ষে বদলিকৃত স্টাডি সেন্টারে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

চ। **পরীক্ষা কেন্দ্র পরিদর্শন।** পরীক্ষা চলাকালীন বাউবি পরিদর্শন টিম নিয়মিত পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন।

ছ। **পরীক্ষা শেষে উত্তর পত্র প্রেরণ।** প্রতিটি কোর্সের পরীক্ষা শেষে উত্তরপত্র সেনাবাহিনীর ব্যবস্থাপনায় যথাযথ নিরাপত্তা নিশ্চিত পূর্বক সিলগালাকৃত অবস্থায় সংশ্লিষ্ট স্পট ইভালুয়েশন কেন্দ্রে প্রেরণ করা হবে।

১৭। **উত্তরপত্র মূল্যায়ন** ।

ক। যথাসময়ে ফলাফল প্রকাশের জন্য সকল বিষয়ের উত্তরপত্রের মূল্যায়ন স্পট ইভালুয়েশন (Spot Evaluation) পদ্ধতিতে সম্পন্ন করা হবে । প্রাথমিক পর্যায়ে অঞ্চল ভিত্তিক স্পট ইভালুয়েশন কেন্দ্রসমূহ হলো ঢাকা/ রাজেন্দ্রপুর, বগুড়া, চট্টগ্রাম ও যশোর সেনানিবাস। প্রয়োজন অনুযায়ী পারস্পরিক সমঝোতার ভিত্তিতে কেন্দ্রের সংখ্যা বাড়ানো, কমানো ও পরিবর্তন করা যাবে।

খ। বাংলাদেশ সেনাবাহিনী স্পট ইভালুয়েশনের জন্য নির্ধারিত কেন্দ্রের যথাযথ নিরাপত্তা ও আনুষঙ্গিক ব্যবস্থা নিশ্চিত করবে।

গ। সকল বিষয়ের উত্তরপত্র বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক নিয়োগকৃত পরীক্ষকগণ মূল্যায়ন করবেন ।

ঘ। সমরবিদ্যা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়সমূহের উত্তরপত্র বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে সেনাসদর, শিক্ষা পরিদপ্তর কর্তৃক সুপারিশকৃত পরীক্ষকগণ মূল্যায়ন করবেন ।

ঙ। স্পট ইভালুয়েশনের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে প্রধান পরীক্ষকের তত্ত্বাবধানে নিয়োগকৃত পরীক্ষক ও নিরীক্ষকবৃন্দ কেন্দ্রে উপস্থিত থেকে কাজ সম্পন্ন করবেন ।

চ। স্পট ইভালুয়েশন শেষে সংশ্লিষ্ট মনিটরিং কমিটি সিলগালাকৃত নম্বরফর্দ ও OMR ফরমসমূহ বাংলাদেশ সেনাবাহিনীর নিরাপদ ডাক ব্যবস্থাপনায় বা সরাসরি পরীক্ষা কমিটির সভাপতির নিকট প্রেরণ করবেন ।

ছ। স্পট ইভালুয়েশন কার্যক্রম পরীক্ষা কমিটির তত্ত্বাবধানে চলবে এবং প্রতিটি স্পট ইভালুয়েশন কেন্দ্রে পরীক্ষা কমিটি কর্তৃক গঠিত একটি মনিটরিং কমিটি থাকবে ।

জ। স্পট ইভালুয়েশনে নিযুক্ত ব্যক্তিদের অবস্থান, আপ্যায়ন ও আনুষঙ্গিক সহায়তার ব্যবস্থা সেনাবাহিনী কর্তৃক করা হবে ।

ঝ। পরীক্ষার ফল প্রকাশের পর ৬ মাস পর্যন্ত সকল উত্তরপত্র স্পট ইভালুয়েশন কেন্দ্রে সংরক্ষণ করা হবে ।

১৮। **দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের তালিকা প্রেরণ** । দ্বিতীয় বর্ষের প্রশিক্ষণার্থীগণ নিজ নিজ স্টেশনে যোগদানের পর বাংলাদেশ সেনাবাহিনী পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে নতুন স্টাডি সেন্টারের শিক্ষার্থীদের তালিকা বাউবিতে প্রেরণ করবে । প্রয়োজনে নিকটতম আঞ্চলিক কেন্দ্রের সার্বিক সহযোগিতার মাধ্যমে এই কার্যক্রম সম্পন্ন করা হবে ।

১৯। **পরীক্ষা পাসের নিয়ম** ।

ক। বাউবি'র প্রচলিত নিয়মে পরীক্ষার ফল গ্রেড পদ্ধতিতে প্রকাশ করা হবে । এক্ষেত্রে কোনো বিভাগ, লেটার মার্ক, স্টার মার্ক উল্লেখ থাকবে না এবং মেধাতালিকা প্রণয়ন বা প্রকাশ করা হবে না । শুধু প্রতি কোর্সে প্রাপ্ত লেটার গ্রেড এবং সকল কোর্সে প্রাপ্ত Grade Point (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর Grade Point Average (GPA) উল্লেখ থাকবে ।

খ। পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে লেটারে রূপান্তরের পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বর | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A+ | ৮০-১০০ | ৫ (পাঁচ) |
| A | ৭০-৭৯ | ৪ (চার) |
| A- | ৬০-৬৯ | ৩.৫ (সাড়ে তিন) |
| B | ৫০-৫৯ | ৩ (তিন) |
| C | ৪০-৪৯ | ২ (দুই) |
| D | ৩৩-৩৯ | ১ (এক) |
| F | ০-৩২ | ০ (শূন্য) |

গ। গ্রেড পদ্ধতিতে পরীক্ষার ফল গ্রেড পয়েন্ট এভারেজ বা GPA হিসেবে প্রকাশিত হবে। প্রত্যেক বিষয়ে প্রাপ্ত গ্রেডকে পয়েন্ট (সর্বোচ্চ পাঁচ এবং সর্বনিম্ন শূন্য) রূপান্তরিত করে তার গড় নির্ণয় করা হবে। এটিই হবে গ্রেড পয়েন্ট এভারেজ, যাকে কোনো লেটার গ্রেড (A+, A, A-, B, C, D ও F ) এর সঙ্গে সম্পর্কযুক্ত করা হবে না। তবে একাডেমিক ট্রান্সক্রিপ্টে পরীক্ষার্থীর প্রত্যেক কোর্সের ফল লেটার গ্রেড আকারে (অর্থাৎ A+, A, A-, B, C, D ও F) উল্লেখ থাকবে।

ঘ। কোনো কোর্সের পরীক্ষায় পাসের জন্য সংশ্লিষ্ট কোর্সে কমপক্ষে D গ্রেড পেতে হবে অর্থাৎ GP কমপক্ষে ১.০ (এক) এবং প্রাপ্ত নম্বর ন্যূনতম ৩৩ হতে হবে।

১৬। **পরীক্ষার ফল প্রস্তুত ও প্রকাশ**। পরীক্ষার চূড়ান্ত ফল বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক তত্ত্বীয় পরীক্ষা শেষ হওয়ার সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে প্রকাশ করা হবে।

১৭। **পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ**। কোনো শিক্ষার্থী নিয়মিত বছরে কোনো কোর্সের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা কোনো কোর্সের পরীক্ষায় অংশ নিয়ে 'এফ' গ্রেড প্রাপ্ত হলে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম মেনে ঐ কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদের মধ্যে (০৫ বছর) পরবর্তী সময়ে অনুষ্ঠিত যে-কোনো পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ করতে পারবে।

১৮। বিশ্ববিদ্যালয়ের প্রচলিত শৃংখলা বিধি এই প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৯। **সার্টিফিকেট/সনদ প্রদান**। প্রোগ্রামের সকল কোর্সে উত্তীর্ণ হওয়ার পর একজন শিক্ষার্থী সার্টিফিকেট পাওয়ার যোগ্যতা অর্জন করবেন। বাউবি সেনাসদস্যদের মার্কসীট, সার্টিফিকেট ও প্রশংসাপত্র চূড়ান্ত ফল প্রকাশের সর্বোচ্চ ৩ মাসের মধ্যে সেনাসদর, শিক্ষা পরিদপ্তরে প্রেরণ করবে।

২০। **আর্থিক বিষয়সমূহ**।

ক। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী ও চুক্তি মোতাবেক সকল বিষয়ের কোর্স ফি-সহ আনুষঙ্গিক সকল ফি বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাউবি'র নির্ধারিত ব্যাংকে জমা দেয়া হবে।

খ। সমরবিদ্যা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির জন্য মডিউল ফি প্রযোজ্য হবে না। পরীক্ষা ফি, টিউটর ফি ও আনুষঙ্গিক খরচবাবদ প্রচলিত কোর্স ফি'র ৮০% ধার্য করা হবে। অন্যান্য বিষয়ের ক্ষেত্রে কোর্স মডিউল বাউবি কর্তৃক প্রণয়ন ও সরবরাহ করার পূর্ব পর্যন্ত কোর্স ফি'র ৮০% ধার্য করা হবে।

গ। প্রতিটি স্টাডি সেন্টারের যাবতীয় ফি ও প্রোগ্রাম সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সম্মানী বাউবি'র প্রচলিত নিয়মে প্রদান করা হবে।

২১। **নিয়মিত সভা/ বৈঠক।** বাউবি-তে একটি সেনাশিক্ষা সমন্বয় সেল এবং বাংলাদেশ সেনাবাহিনীতে বাউবি সমন্বয় সেল গঠিত হবে। সেল দুটি বছরে অন্তত দুবার দ্বিপাক্ষিক বৈঠক করবে। উক্ত বৈঠকে এইচএসসি প্রোগ্রাম সংশ্লিষ্ট সার্বিক বিষয়াদি নিয়ে পারস্পরিক আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তন করা হবে।

২২। **নিয়মিত যোগাযোগ/সমন্বয়।** প্রতিটি স্টাডি সেন্টার হতে সেনাবাহিনীর মনোনীত প্রতিনিধি (কো-অর্ডিনেটর) উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা/সমন্বয় করবে। আঞ্চলিক কেন্দ্রসমূহ সেনাবাহিনীর মনোনীত প্রতিনিধির সঙ্গে সার্বিক যোগাযোগ ও সহযোগিতার মাধ্যমে এইচএসসি শিক্ষা কার্যক্রম পরিচালনায় সমন্বয় সাধন করা হবে।

২৩। **<u>সমঝোতা স্মারক (MOU) এর মেয়াদ</u>।** এই সমঝোতা স্মারক স্বাক্ষরের পর হতে কার্যকর হবে এবং প্রথমবার স্বাক্ষরের পর প্রাথমিকভাবে ১০ (দশ) বছর পর্যন্ত এর কার্যকাল স্থায়ী থাকবে। পরবর্তী সময়ে বাউবি এবং বাংলাদেশ সেনাবাহিনী উভয় পক্ষের পারস্পরিক ঐকমত্যের ভিত্তিতে অনুরূপ সময়ের জন্য এই সমঝোতা স্মারকের মেয়াদ বৃদ্ধি/নবায়ন করা হবে।

২৪। **সমঝোতা স্মারক রিভিউ/সংশোধন।** যে কোন এব পক্ষ কর্তৃক এই সমঝোতা স্মারক (MOU) রিভিউ/সংশোধন করার প্রয়োজনীয়তা অনুভূত হলে তা লিখিতভাবে অপর পক্ষকে অবহিত করবে। লিখিত প্রস্তাব প্রাপ্তির অনধিক ০১ (এক) মাসের মধ্যে অপর পক্ষ সাড়া দেবে এবং উভয় পক্ষের সম্মতিতে স্থান ও তারিখ নির্ধারণপূর্বক পরবর্তী ০২ (দুই) মাসের মধ্যে উভয় পক্ষ মিলিত হয়ে পারস্পরিক আলোচনার ভিত্তিতে সমঝোতা স্মারকের প্রয়োজনীয় রিভিউ কার্যক্রম সম্পন্ন করবে। এই সমঝোতা স্মারক (MOU)-এ উল্লিখিত কোনো বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হলে উভয় পক্ষ মিলিত হয়ে পারস্পরিক আলোচনার মাধ্যমে বিষয়টি স্পষ্টিকরণ/এর সঠিক ব্যাখ্যা প্রদান করবে।

সমঝোতা স্মারকের দুই কপি ১৭ নভেম্বর ২০১৩ তারিখে ঢাকা সেনানিবাসে স্বাক্ষরিত হলোঃ

| | |
|---|---|
| **বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষে** | **বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষে** |
| ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম মুশফিকুর রহমান, পিএসসি<br>পরিচালক<br>সেনাসদর, জেনারেল স্টাফ শাখা (শিক্ষা পরিদপ্তর) | অধ্যাপক ডঃ খোন্দকার মোকাদ্দেম হোসেন<br>কোষাধ্যক্ষ<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় |
| তারিখঃ ... ২০১৩ | তারিখঃ ... নভেম্বর ২০১৩ |

শিক্ষা পরিদপ্তর ★ তাং ১৭.১১.১৩ ★ সেনাবাহিনী সদর দপ্তর

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
প্রশাসন বিভাগ, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫, ফোন: ৯২৯১১১২, ফ্যাক্স: ৯২৯১১৩০

**বাংলাদেশ সেনাবাহিনীতে রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট (এইচএসসি) প্রোগ্রামের একাডেমিক রেগুলেশন।**

বাংলাদেশ সেনাবাহিনীর একজন রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিককে হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট (এইচএসসি) অর্জন করতে হলে এইচএসসি প্রোগ্রামের একাডেমিক রেগুলেশনে বর্ণিত প্রয়োজনীয় শর্তাবলী সাফল্যের সঙ্গে পূরণ করতে হবে। বাংলাদেশ সেনাবাহিনীতে সৈনিক পদে ভর্তিকৃত সকল রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিক বাউবি'র শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবেন এবং বাউবি'র অধীনে এই এইচএসসি শিক্ষা গ্রহণ করবেন।
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) আইন এবং সংবিধিতে বর্ণিত সংজ্ঞাগুলি এই রেগুলেশনের অংশ হিসাবে বিবেচিত হবে।

**একাডেমিক রেগুলেশন**

**১। প্রোগ্রামের নাম:**

১.১ প্রোগ্রামের নাম হবে হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট (এইচএসসি) বা Higher Secondary Certificate (HSC). বাংলাদেশ সেনাবাহিনীর রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য পরিচালিত এই প্রোগ্রামটি বাউবি-তে এইচএসসি নিশ-১ (HSC Niche-1) নামে পরিচিত হবে এবং এর প্রোগ্রামের কোড হবে ১৪ (চৌদ্দ)।

১.২ বাংলাদেশ সেনাবাহিনীর একজন রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিক এই প্রোগ্রামটি সফলভাবে সম্পন্ন করার পর হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট (এইচএসসি) অর্জন করবেন।

**২। শিক্ষা প্রণালী**

বাউবি আইন ১৯৯২-এর ধারা ৯ এবং এর আলোকে প্রণীত সকল বিধি অনুযায়ী পরিচালিত হবে।

**৩। লক্ষ্য ও উদ্দেশ্য**

বাউবি আইনের চেতনাকে ধারণ করে যুগোপযোগী ও আধুনিক সেনাবাহিনী সৃষ্টির লক্ষ্যে:

৩.১ শিক্ষার্থীর মননশীলতা, নৈতিকতা, শৃঙ্খলা, দেশপ্রেম, সৌন্দর্য্যবোধ ও মানবিক সহমর্মিতার বিকাশ এবং বিজ্ঞান, প্রযুক্তি ও আর্থ-সামাজিক দক্ষতার উন্নয়ন সাধনে সহায়তা দান করে দক্ষ ও যোগ্য সৈনিক হিসেবে গড়ে তোলা।

৩.২ উচ্চ শিক্ষার পথ সুগম ও প্রশস্ত করা।

**৪। উদ্দিষ্ট জনগোষ্ঠী (Target Group)**

এই প্রোগ্রামের উদ্দিষ্ট জনগোষ্ঠী হবে বাংলাদেশ সেনাবাহিনীতে সৈনিক পদে ভর্তিকৃত এসএসসি/সমমান সনদপ্রাপ্ত সকল রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিক।

**৫। প্রোগ্রামের মেয়াদ, বিষয় ও কোর্স**

৫.১ প্রোগ্রামের মেয়াদ ২ (দুই) বছর। তবে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর। অর্থাৎ সর্বোচ্চ পাঁচ বছরের মধ্যে প্রোগ্রামটি সম্পন্ন করতে হবে।

৫.২ প্রাথমিকভাবে মানবিক ও বিজ্ঞান -এই দুটি শাখায় হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট দেয়া হবে। পরবর্তী সময়ে চাহিদার পরিপ্রেক্ষিতে অন্যান্য শাখা খোলা যাবে। একজন শিক্ষার্থীকে যে-কোনো শাখায় এইচএসসি পেতে হলে ন্যূনতম ১১০০ নম্বরের ছয় (৬)টি বিষয়ের এগারো (১১)টি কোর্সে উত্তীর্ণ হতে হবে।

৫.৩ একজন শিক্ষার্থীকে ন্যূনতম দুই বছর ও সর্বোচ্চ পাঁচ বছরের মধ্যে এইচএসসি প্রোগ্রামের জন্য নির্ধারিত ১১টি কোর্সের মধ্যে প্রথম বর্ষে ছয়টি (৬)টি এবং দ্বিতীয় বর্ষে পাঁচটি (৫)টি কোর্সে উত্তীর্ণ হতে হবে। তবে কোনো শিক্ষার্থী ইচ্ছা করলে ঐচ্ছিক বিষয় হিসেবে ২০০ নম্বরের একটি অতিরিক্ত বিষয় নিতে পারবে এবং সেক্ষেত্রে ১ম বর্ষে ৭টি ও ২য় বর্ষে ৬টি কোর্স নিতে হবে।

৬। বিষয়, কোর্স কোড ও মান:

৬.১ মানবিক শাখা

৬.১.১ প্রথম বর্ষ

আবশ্যিক বিষয় (৩টি): ৩০০ নম্বর

| বিষয় | পূর্ণ নম্বর | কোর্স কোড |
|---|---|---|
| বাংলা প্রথম পত্র | ১০০ | HSC 1801 |
| ইংরেজি প্রথম পত্র | ১০০ | HSC 1802 |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১০০ (তত্ত্বীয়-৬০ ব্যবহারিক-৪০) | HSC 1839 |

নৈর্বাচনিক বিষয় (যে কোনো ৩টি) : ৩০০ নম্বর

| বিষয় | পূর্ণ নম্বর | কোর্স কোড |
|---|---|---|
| অর্থনীতি প্রথম পত্র | ১০০ | HSC 1803 |
| পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র | ১০০ | HSC 1804 |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র/<br>ইতিহাস প্রথম পত্র | ১০০<br>১০০ | HSC 1805<br>HSC 1810 |
| সমাজকর্ম প্রথম পত্র/<br>সমাজবিজ্ঞান প্রথম পত্র | ১০০<br>১০০ | HSC 1806<br>HSC 1811 |
| সমরবিদ্যা প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৫০ ব্যবহারিক-৫০) | HSC 1840 |
| ইসলাম শিক্ষা প্রথম পত্র | ১০০ | HSC 1807 |
| যুক্তিবিদ্যা প্রথম পত্র | ১০০ | HSC 1809 |
| ভূগোল প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক ২৫) | HSC 1836 |

ঐচ্ছিক বিষয়: (নৈর্বাচনিক বিষয় বাদ দিয়ে অবশিষ্ট থেকে ঐচ্ছিক বিষয় হিসেবে ১টি বিষয় নেওয়া যাবে)

| বিষয় | পূর্ণ নম্বর | কোর্স কোড |
|---|---|---|
| অর্থনীতি প্রথম পত্র | ১০০ | HSC 1803 |
| পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র | ১০০ | HSC 1804 |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র/<br>ইতিহাস প্রথম পত্র | ১০০<br>১০০ | HSC 1805<br>HSC 1810 |
| সমাজকর্ম প্রথম পত্র/<br>সমাজবিজ্ঞান প্রথম পত্র | ১০০<br>১০০ | HSC 1806<br>HSC 1811 |
| সমরবিদ্যা প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৫০ ব্যবহারিক-৫০) | HSC 1840 |
| ইসলাম শিক্ষা প্রথম পত্র | ১০০ | HSC 1807 |
| উচ্চতর বাংলা প্রথম পত্র | ১০০ | HSC 1808 |
| যুক্তিবিদ্যা প্রথম পত্র | ১০০ | HSC 1809 |
| পরিসংখ্যান প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক ৩০) | HSC 1835 |
| ভূগোল প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক ২৫) | HSC 1836 |
| গার্হস্থ্য বিজ্ঞান প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক ৩০) | HSC 1837 |
| কৃষিশিক্ষা প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক ৩০) | HSC 1838 |

৬.১.২ দ্বিতীয় বর্ষ

আবশ্যিক বিষয় (২টি): ২০০ নম্বর

| বিষয় | পূর্ণ নম্বর | কোর্স কোড |
|---|---|---|
| বাংলা দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2801 |
| ইংরেজি দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2802 |

নৈর্বাচনিক বিষয় (যে কোনো ৩টি) : ৩০০ নম্বর

| বিষয় | পূর্ণ নম্বর | কোর্স কোড |
|---|---|---|
| অর্থনীতি দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2803 |
| পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2804 |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র/<br>ইতিহাস দ্বিতীয় পত্র | ১০০<br>১০০ | HSC 2805<br>HSC 2810 |
| সমাজকর্ম দ্বিতীয় পত্র/<br>সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র | ১০০<br>১০০ | HSC 2806<br>HSC 2811 |
| সমরবিদ্যা দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৫০ ব্যবহারিক-৫০) | HSC 2840 |
| ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2807 |
| যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2809 |
| ভূগোল দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক ২৫) | HSC 2836 |

ঐচ্ছিক বিষয়: (নৈর্বাচনিক বিষয় বাদ দিয়ে অবশিষ্ট থেকে ঐচ্ছিক বিষয় হিসেবে ১টি বিষয় নেওয়া যাবে)

| বিষয় | পূর্ণ নম্বর | কোর্স কোড |
|---|---|---|
| অর্থনীতি দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2803 |
| পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2804 |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র/<br>ইতিহাস দ্বিতীয় পত্র | ১০০<br>১০০ | HSC 2805<br>HSC 2810 |
| সমাজকর্ম দ্বিতীয় পত্র/<br>সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র | ১০০<br>১০০ | HSC 2806<br>HSC 2811 |
| সমরবিদ্যা দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৫০ ব্যবহারিক-৫০) | HSC 2840 |
| ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2807 |
| উচ্চতর বাংলা দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2808 |
| যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2809 |
| পরিসংখ্যান দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক ৩০) | HSC 2835 |
| ভূগোল দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক ২৫) | HSC 2836 |
| গার্হস্থ্য বিজ্ঞান দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক ৩০) | HSC 2837 |
| কৃষিশিক্ষা দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক ৩০) | HSC 2838 |

শুধু তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত একজন শিক্ষার্থী ১ম বর্ষে যে-সকল কোর্স অধ্যয়ন করেছেন ২য় বর্ষে তাকে ঐ সকল কোর্সের ২য় পত্র অধ্যয়ন করতে হবে।

৬.২ বিজ্ঞান শাখা

৬.২.১ প্রথম বর্ষ : আবশ্যিক বিষয় (৩টি): ৩০০ নম্বর

| বিষয় | পূর্ণ নম্বর | কোর্স কোড |
|---|---|---|
| বাংলা প্রথম পত্র | ১০০ | HSC 1801 |
| ইংরেজি প্রথম পত্র | ১০০ | HSC 1802 |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১০০ (তত্ত্বীয়-৬০ ব্যবহারিক-৪০) | HSC 1839 |

**নৈর্বাচনিক বিষয় (৩টি) : ৩০০ নম্বর**

| | | |
|---|---|---|
| পদার্থবিজ্ঞান প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 1831 |
| রসায়ন প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 1832 |
| উচ্চতর গণিত প্রথম পত্র<br>/জীববিজ্ঞান প্রথম পত্র (উদ্ভিদবিজ্ঞান)<br>/সমরবিদ্যা প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫)<br>১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫)<br>১০০ (তত্ত্বীয়-৫০ ব্যবহারিক-৫০) | HSC 1833<br>HSC 1834<br>HSC 1840 |

**ঐচ্ছিক বিষয়: (নৈর্বাচনিক বিষয় বাদ দিয়ে অবশিষ্ট থেকে ঐচ্ছিক বিষয় হিসেবে ১টি বিষয় নেওয়া যাবে)**

| | | |
|---|---|---|
| উচ্চতর গণিত প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 1833 |
| জীববিজ্ঞান প্রথম পত্র(উদ্ভিদবিজ্ঞান) | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 1834 |
| সমরবিদ্যা প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৫০ ব্যবহারিক-৫০) | HSC 1840 |
| পরিসংখ্যান প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 1835 |
| ভূগোল প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 1836 |
| গার্হস্থ্য বিজ্ঞান প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক-৩০) | HSC 1837 |
| কৃষিশিক্ষা প্রথম পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক ৩০) | HSC 1838 |

৬.২.২ **দ্বিতীয় বর্ষ :**

**আবশ্যিক বিষয় (২টি): ২০০ নম্বর**

| বিষয় | পূর্ণ নম্বর | কোর্স কোড |
|---|---|---|
| বাংলা দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2801 |
| ইংরেজি দ্বিতীয় পত্র | ১০০ | HSC 2802 |

**নৈর্বাচনিক বিষয় (৩টি) : ৩০০ নম্বর**

| | | |
|---|---|---|
| পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 2831 |
| রসায়ন দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 2832 |
| উচ্চতর গণিত দ্বিতীয় পত্র<br>/জীববিজ্ঞান দ্বিতীয় পত্র(প্রাণিবিজ্ঞান)<br>/সমরবিদ্যা দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫)<br>১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫)<br>১০০ (তত্ত্বীয়-৫০ ব্যবহারিক-৫০) | HSC 2833<br>HSC 2834<br>HSC 2840 |

**ঐচ্ছিক বিষয়: (নৈর্বাচনিক বিষয় বাদ দিয়ে অবশিষ্ট থেকে ঐচ্ছিক বিষয় হিসেবে ১টি বিষয় নেওয়া যাবে)**

| | | |
|---|---|---|
| উচ্চতর গণিত দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 2833 |
| জীববিজ্ঞান দ্বিতীয় পত্র(প্রাণিবিজ্ঞান) | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 2834 |
| সমরবিদ্যা দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৫০ ব্যবহারিক-৫০) | HSC 2840 |
| পরিসংখ্যান দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 2835 |
| ভূগোল দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭৫ ব্যবহারিক-২৫) | HSC 2836 |
| গার্হস্থ্য বিজ্ঞান দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক-৩০) | HSC 2837 |
| কৃষিশিক্ষা দ্বিতীয় পত্র | ১০০ (তত্ত্বীয়-৭০ ব্যবহারিক ৩০) | HSC 2838 |

শুধু তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত একজন শিক্ষার্থী ১ম বর্ষে যে-সকল কোর্স অধ্যয়ন করেছেন ২য় বর্ষে তাকে ঐ সকল কোর্সের ২য় পত্র অধ্যয়ন করতে হবে।

৬.৩ একজন শিক্ষার্থী প্রথম বর্ষে আবশ্যিক বিষয় হিসেবে তিনটি, নৈর্বাচনিক বিষয় থেকে তিনটি ও ঐচ্ছিক বিষয় (যদি কেউ নেন) থেকে ১টি, মোট সাতটি বিষয়ে পাঠ গ্রহণ করে বছরের শেষে পরীক্ষা দিতে পারবে। উল্লেখ্য যে, নৈর্বাচনিক বিষয় হিসেবে ৩টি বিষয় বাদ দিয়ে ঐচ্ছিক বিষয়টির নাম ভর্তির সময়ে ঘোষণা দিতে হবে। ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২.০০ এর অতিরিক্ত অংশ চূড়ান্ত ফলাফলে (জিপিএ) যোগ করা হবে। ঐচ্ছিক বিষয় কেউ না নিলে বা পরীক্ষা না দিলে বা অকৃতকার্য হলে ফলাফলে কোনো প্রভাব পড়বে.

না। তবে ঐচ্ছিক বিষয় ব্যতীত অন্য সকল বিষয়ে উত্তীর্ণ হলে তার চূড়ান্ত ফল প্রকাশিত হবে এবং এক্ষেত্রে ঐচ্ছিক বিষয়ে আর পরীক্ষা দেওয়ার সুযোগ থাকবে না।

৬.৪ পাঠ্যক্রম কমিটির মতামতের ভিত্তিতে স্কুল কমিটির সুপারিশ অনুযায়ী একাডেমিক কাউন্সিল কোর্স/কোর্সসমূহের যে-কোনো পরিবর্তন, সংযোজন, বিয়োজন করতে পারবে।

**৭। ভর্তি ও রেজিস্ট্রেশন**

৭.১ ভর্তি কমিটি ও সেনাসদর শিক্ষা পরিদপ্তরের বাউবি শিক্ষা সেলের পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে এই প্রোগ্রামে রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিক ভর্তি করা হবে এবং এক্ষেত্রে পত্রিকায় কোনো ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করা হবে না। স্কুল কমিটির সুপারিশের ভিত্তিতে মাননীয় উপাচার্য নির্দিষ্ট বর্ষের জন্য সেনাসদর শিক্ষা পরিদপ্তরের একজন প্রতিনিধিসহ মোট সাত (৭) সদস্যের ভর্তি কমিটি অনুমোদন দেবেন। স্কুলের ডীন বা সহযোগী অধ্যাপকের নিচে নন এমন একজন শিক্ষক ভর্তি কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। ভর্তি কমিটি বাউবির সেনাশিক্ষা সমন্বয় সেলের পরামর্শ অনুযায়ী ভর্তি কার্যক্রম পরিচালনা করবে।

৭.২ এই প্রোগ্রামে ভর্তির আবেদনপত্রবাবদ গৃহীত মোট ফি-এর ৪০% অর্থ বাউবি কোষাগারে জমা হবে এবং অবশিষ্ট ৬০% অর্থ ভর্তি সংক্রান্ত কাজে ভর্তি কমিটির মাধ্যমে ব্যয় হবে।

৭.৩ নির্ধারিত স্টাডি সেন্টার অনুযায়ী ১ম বর্ষে ভর্তির জন্য আবেদনকৃত প্রতি শিক্ষার্থীর পূরণকৃত ছবিসহ রেজিস্ট্রেশন ফরম, আইডি কার্ড ও এসএসসি/সমমানের সনদের সত্যায়িত ফটোকপিসহ মোট শিক্ষার্থীর একটি তালিকা একসঙ্গে সেনাসদর শিক্ষা পরিদপ্তরের মাধ্যমে ভর্তি কমিটির নিকট প্রেরিত হবে। একইসঙ্গে উক্ত তালিকা অনলাইন এন্ট্রি/সিডির মাধ্যমে বাউবির সার্ভারে স্থানান্তরিত হবে এবং ভর্তি কমিটি তা যাচাইপূর্বক ভর্তি নিশ্চিত করে সেনাসদর শিক্ষা পরিদপ্তরের মাধ্যমে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে আইডি কার্ড প্রেরণ করবে। নির্ধারিত ফি জমাদানপূর্বক অনলাইন এন্ট্রি/সিডির মাধ্যমে একই প্রক্রিয়ায় ২য় বর্ষের রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।

৭.৪ ১ম ও ২য় বর্ষে ভর্তি বা রেজিস্ট্রেশনকৃত মোট শিক্ষার্থীর ফি-সহ সমুদয় অর্থ এইচএসসি নিশ-১ বাউবি ব্যাংক হিসাবে ডিডি বা এক/একাধিক ব্যাংক-জমা রশিদের মাধ্যমে পরিশোধিত হবে এবং তা বাউবির অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক পরিচালিত ও নিরীক্ষিত হবে।

৭.৫ প্রতি বর্ষে এই প্রোগ্রামে দুইবার ভর্তি করা হবে। ভর্তিকৃত শিক্ষার্থীরা ব্যাচ-শিক্ষার্থী হিসাবে পরিচিত হবে। যেমন ২০১৪ সালের জানুয়ারিতে যারা ভর্তি হবে তারা ১৪-১ ব্যাচ হিসাবে পরিচিত হবে এবং একই বছরের জুলাইতে যারা ভর্তি হবে তারা ১৪-২ ব্যাচ হিসেবে পরিচিত হবে।

৭.৬ এই প্রোগ্রামের মেয়াদ হবে দুই বছর। তবে একজন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ পাঁচ বছর পর্যন্ত বহাল থাকবে। যদি কোনো শিক্ষার্থী প্রথম দুই বর্ষে অনুষ্ঠিত কোনো কোর্স/কোর্সসমূহের পরীক্ষায় অকৃতকার্য হয় বা কোনো কারণে পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হয় তাহলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদের মধ্যে (৫ বছর) উক্ত কোর্স/ কোর্সসমূহের নির্ধারিত পুনঃপরীক্ষা ফি দিয়ে পরবর্তী যেকোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৭.৭ এই প্রোগ্রামের শিক্ষার্থী ভর্তির যাবতীয় কার্যাবলি ভর্তি কমিটির নির্দেশনা ও পরিচালনায় সম্পাদিত হবে।

**৮। রেজিস্ট্রেশন / ভর্তি বাতিল**

নিম্নের যে-কোনো এক বা একাধিক কারণে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন (ভর্তি) বাতিল হবে;

৮.১ শৃঙ্খলাবিধি ও বিশ্ববিদ্যালয়ের স্বার্থের পরিপন্থী কোনো কাজে লিপ্ত হলে।

৮.২ বাংলাদেশ সেনাবাহিনী থেকে চাকুরিচ্যুত হলে বা চাকুরি ছেড়ে দিলে।

৮.৩ রেগুলেশনে বর্ণিত নির্দিষ্ট সময়ের মধ্যে প্রোগ্রামের সকল কোর্স সফলভাবে উত্তীর্ণ হতে ব্যর্থ হলে।

## ৯. স্টাডি সেন্টার

### ৯.১ স্টাডি সেন্টার অনুমোদন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বাংলাদেশ সেনাবাহিনীর সমঝোতা স্মারক অনুযায়ী স্টাডি সেন্টারসমূহ নির্ধারিত হবে।

### ৯.২ সমন্বয়কারী নিয়োগ

৯.২.১ প্রতিটি স্টাডি সেন্টারের সমন্বয়কারী হবেন সংশ্লিষ্ট স্টাডি সেন্টারের প্রধান বা তাঁর প্রতিনিধি (ক্যাপ্টেন পদমর্যাদার নিচে নন)।

৯.২.২ সেনাসদর শিক্ষা পরিদপ্তরের প্রস্তাবের আলোকে স্কুলের সুপারিশের ভিত্তিতে উপাচার্যের অনুমোদনক্রমে প্রতিটি স্টাডি সেন্টারের জন্য একজন সমন্বয়কারী নিয়োগ করা হবে।

৯.২.৩ নিয়োগকৃত কেন্দ্র সমন্বয়কারী আইন-বহির্ভুত কোনো আর্থিক বা অনার্থিক লেনদেন করতে পারবেন না। এরূপ অভিযোগ পাওয়া গেলে বাউবি কর্তৃপক্ষ উক্ত সমন্বয়কারীকে অব্যাহতিপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সেনাবাহিনীর নিকট সুপারিশ করার অধিকার সংরক্ষণ করবে।

### ৯.৩ সমন্বয়কারীর দায়িত্ব ও কর্তব্য

৯.৩.১ নির্ধারিত স্টাডি সেন্টার অনুযায়ী ১ম বর্ষে ভর্তির জন্য আবেদনকৃত প্রতি শিক্ষার্থীর পূরণকৃত ছবিসহ রেজিস্ট্রেশন ফরম, আইডি কার্ড ও এসএসসি/সমমানের সনদপত্রসহ মোট শিক্ষার্থীর একটি তালিকা একসঙ্গে সেনাসদর শিক্ষা পরিদপ্তরের মাধ্যমে ভর্তি কমিটির নিকট প্রেরণ করা।

৯.৩.২ ৯.৩.১-এ বর্ণিত তালিকা অনলাইন এন্ট্রি/সিডির মাধ্যমে (স্ক্যানকৃত সনদপত্রসহ) বাউবির সার্ভারে স্থানান্তরিত করা। নির্ধারিত ফি জমাদানপূর্বক অনলাইন এন্ট্রি/সিডির মাধ্যমে একই প্রক্রিয়ায় ২য় বর্ষের রেজিস্ট্রেশন সম্পন্নের কাজ করা।

৯.৩.৩ বাউবির একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী শিক্ষার্থী ও টিউটরদের নিয়ে প্রয়োজনীয় সংখ্যক ক্লাসের আয়োজন নিশ্চিত করা।

৯.৩.৪ ক্লাস রুটিন অনুসারে টিউটোরিয়াল ক্লাসের সমন্বয় ও সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা করা।

৯.৩.৫ ব্যাচ অনুযায়ী টিউটোরিয়াল ক্লাস পরিচালনার জন্য কোর্সভিত্তিক টিউটর তালিকার প্রস্তাব সেনাসদর শিক্ষা পরিদপ্তরের মাধ্যমে ক্লাস শুরুর পূর্বেই অনুমোদনের জন্য বাউবির এসএসএস বিভাগে প্রেরণ করা।

৯.৩.৬ ব্য বহারিক ক্লাসসমূহে শিক্ষার্থীদের হাতে-কলমে শেখার প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করা।

৯.৩.৭ সুষ্ঠুভাবে পরীক্ষা কেন্দ্র পরিচালনা ও সংশ্লিষ্ট ক্ষেত্রে স্পট ইভালুয়েশন কেন্দ্রের সদস্যসচিবের দায়িত্ব পালন করা।

৯.৩.৮ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত হারে টিউটরদের প্রাপ্য সম্মানী ও সহায়তাদানকারী স্টাফদের প্রাপ্য বিল সেনাসদর শিক্ষা পরিদপ্তরের মাধ্যমে বাউবির এসএসএস (স্টুডেন্ট সাপোর্ট সার্ভিস) বিভাগ বরাবর সুপারিশসহ প্রেরণ করা।

৯.৩.৯ কোনো কোর্সে চূড়ান্ত পরীক্ষা শেষ হওয়ার পর উক্ত কোর্সের উত্তরপত্র যথাযথভাবে প্যাকেট করে সিলগালাকৃত অবস্থায় ঐদিনই সংশ্লিষ্ট স্পট ইভালুয়েশন কেন্দ্রে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা।

৯.৩.১০ বাউবি কর্তৃক অর্পিত প্রোগ্রাম-সংশ্লিষ্ট অন্যান্য কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

## ১০। টিউটর

### ১০.১ টিউটর নিয়োগ

১০.১.১ সেনাসদর শিক্ষা পরিদপ্তরের মাধ্যমে প্রেরিত স্টাডি সেন্টারের সমন্বয়কারীর প্রস্তাবের আলোকে স্কুলের সুপারিশের ভিত্তিতে উপাচার্য টিউটর নিয়োগ দেবেন।

১০.১.২ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর সম্পন্নকারী সেনাকর্মকর্তা নিয়োগ করা যাবে।

১০.১.৩ নির্ধারিত স্টাডি সেন্টারের নিকটবর্তী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল-কলেজ ও ক্যান্টনমেন্ট বোর্ড কলেজসহ অন্যান্য অসামরিক সমমানের শিক্ষা প্রতিষ্ঠান থেকে টিউটর নিয়োগ করা যাবে।

১০.১.৪ এছাড়াও প্রয়োজনে কলেজ পর্যায়ের NTRCA কর্তৃক নিবন্ধিত ব্যক্তিকেও টিউটর হিসেবে নিয়োগ প্রদান করা যাবে।

১০.১.৫ নিয়োগকৃত কেন্দ্র সমন্বয়কারী আইন-বহির্ভূত কোনো আর্থিক বা অনার্থিক লেনদেন করতে পারবেন না। এরূপ অভিযোগ পাওয়া গেলে বাউবি কর্তৃপক্ষ উক্ত সমন্বয়কারীকে অব্যাহতিপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সেনাবাহিনীর নিকট সুপারিশ করার অধিকার সংরক্ষণ করবে।

**১০.২ টিউটরের দায়িত্ব ও কর্তব্য**

১০.২.১ ওরিয়েন্টশন ক্লাসে শিক্ষার্থীদের কোর্স বিষয়ক প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান করা।

১০.২.২ ক্লাস রুটিনের নির্ধারিত সিডিউল অনুযায়ী টিউটোরিয়াল ক্লাস পরিচালনা করা।

১০.২.৩ শিক্ষার্থীরা হাতে-কলমে শিখতে পারবে এমন পরিবেশে ব্যবহারিক ক্লাসসমূহ পরিচালনা করা।

১০.২.৪ শিক্ষার্থীদের ব্যবহারিক খাতা ও নির্ধারিত কাজসমূহের নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান করা।

১০.২.৫ সমাপনী ক্লাসে শিক্ষার্থীদেরকে চূড়ান্ত পরীক্ষা সম্পর্কে আলোকপাত করা।

১০.২.৬ পরীক্ষা পরিচালনায় কেন্দ্র সমন্বয়কারীকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

**১০.৩ টিউটোরিয়াল সার্ভিস**

১০.৩.১ বাউবির একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী টিউটোরিয়াল ক্লাসসমূহ পরিচালিত হবে।

১০.৩.২ শিক্ষার্থীরা সংশ্লিষ্ট কেন্দ্রে টিউটোরিয়াল সার্ভিস চলাকালীন পাঠ সম্পর্কে সমস্যাসমূহ বুঝে ও সমাধান করে নিতে পারবেন।

১১। স্কুলের সুপারিশে ও উপাচার্যের অনুমোদনে এইচএসসি নিশ-১ এর জন্য একটি স্বতন্ত্র সেকশনবিধি অনুসৃত হবে।

**১২। সেনাশিক্ষা সমন্বয় সেল**

১২.১ সমঝোতা স্মারক অনুযায়ী বাউবিতে সাত সদস্যের একটি সেনাশিক্ষা সমন্বয় সেল গঠিত হবে, যার প্রধান হবেন স্কুলের ডীন।

১২.২ স্কুলের সুপারিশে ও মাননীয় উপাচার্যের অনুমোদনে প্রতি দুই বছরের জন্য সেনাশিক্ষা সমন্বয় সেল কাজ করবে।

১২.৩ প্রোগ্রামের সার্বিক বিষয়াদি সম্পর্কে স্কুলকে পরামর্শ দেয়া ও সেনাবাহিনীর সঙ্গে এ বিষয়ে সমন্বয় রক্ষার জন্য এই সেল কাজ করবে।

**১৩। সংশোধনী প্রস্তাব**

স্কুল কমিটির প্রস্তাবের ভিত্তিতে একাডেমিক কাউন্সিল এই রেগুলেশনের যে-কোনো ধারা সংশোধন করতে পারবে। তবে প্রস্তাব উত্থাপনের পূর্বে স্কুল কমিটি অবশ্যই কারিকুলাম কমিটির মতামত বিবেচনায় নেবে।

১৪. একাডেমিক বিষয়, যা এই রেগুলেশনে অন্তর্ভুক্ত হয়নি সে-বিষয়ে কোনো প্রশ্ন উত্থাপিত হলে উপাচার্য স্বীয় বিবেচনায় নির্দেশনা প্রদান করবেন। তবে নির্দেশনা প্রদানের পূর্বে উপাচার্য স্কুল কমিটির মতামত চাইবেন।

১৫. বোর্ড অব গভর্নর্স কর্তৃক নির্ধারিত দিন থেকেই এই রেগুলেশন কার্যকর বলে বিবেচিত হবে।